

QP Code: 23/PT/1/III

স্নাতকোত্তর পাঠ্যক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

তৃতীয় পত্র (3rd Paper)

PRACHIN, MADHYAYUGIO, ADHUNIK KABITA

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) অভিসারের সংজ্ঞা নির্দেশ করে ওই পর্যায়ের পদ সৃষ্টিতে বিদ্যাপতি ও গোবিন্দদাসের কৃতিত্বের পারস্পরিক তুলনা করুন। ৪ + ৭ + ৭
- খ) সৈয়দ আলাওল তাঁর 'পদ্মাবতী' কাব্যে রত্নসেন ও পদ্মাবতীর বিবাহ প্রসঙ্গে যে-সমাজচিত্র উপস্থাপন করেছেন তা নিজের ভাষায় বিবৃত করুন।
- গ) 'Ravana kindles my imagination' — রাবণ সম্পর্কে কবি মধুসূদনের এই বিশেষ মন্তব্যের পরিপ্রেক্ষিতে উক্ত চরিত্রটির সবিশেষ পরিচয় দিন।
- ঘ) 'রবীন্দ্রনাথের ঈশ্বর-ভাবনা কোনো প্রাতিষ্ঠানিক ধর্মকেন্দ্রিক নয়, সর্বমানবের মধ্যেই তিনি তাঁর ঈশ্বরকে খুঁজে পেয়েছেন।' — 'অপমানিত' কবিতা অবলম্বনে সমালোচকের এই মন্তব্য কতটা সমীচীন তা বিচার করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) চর্যাপদগুলি একদিক থেকে যেমন ধর্মতত্ত্বের সারাৎসার, তেমনি সেগুলি কাব্যগুণে অনন্য। — মন্তব্যটির নিরিখে চর্যাপদের সাহিত্যমূল্য নিরূপণ করুন।

TE/PG(TH)20061

[Turn over

- খ) ‘আক্ষিপানুরাগের সর্বস্ব চণ্ডীদাস, চণ্ডীদাসের সর্বস্ব আক্ষিপানুরাগ ।’ — আক্ষিপানুরাগের স্বরূপ আলোচনা প্রসঙ্গে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন । ৪ + ৮
- গ) কৃষ্ণদাস কবিরাজের ‘চৈতন্যচরিতামৃত’-র মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অনুসারে সাধ্য-সাধনতত্ত্ব নিজের ভাষায় উপস্থাপন করুন ।
- ঘ) কেতকাদাস ক্ষেমানন্দ তাঁর মনসামঙ্গল কাব্যে বেহুলার অসহায়ত্ব ও পাতিব্রতের মূল্যবোধকে যেভাবে অঙ্কন করেছেন তা চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন ।
- ঙ) সুধীন্দ্রনাথ দত্তের ‘শাস্ত্রী’ কবিতায় যে-প্রেমচেতনার অভিপ্রকাশ লক্ষ করা যায় তা ব্যাখ্যা করুন ।
- চ) সুকান্ত ভট্টাচার্য তাঁর ‘হে মহাজীবন’ কবিতায় যে সমাজ-ভাবনার পরিচয় দিয়েছেন ও সেইসূত্রে তাঁর কাব্যবাণীতে যে-প্রতিবাদ ও বিদ্রোহ ধ্বনিত হয়েছে তার স্বরূপ পরিস্ফুট করুন । ৬ + ৬
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপুথির গ্রন্থনাম বিষয়ে যে-বিতর্ক প্রচলিত আছে, তার পরিচয় দিন ।
- খ) বৈষ্ণব রসতত্ত্বে ‘অভিসার’ বলতে কী বোঝায় ?
- গ) প্রথম ও নবম সর্গ অবলম্বনে ‘মেঘনাদবধ কাব্য’-র রস পরিণাম বিচার করুন ।
- ঘ) রবীন্দ্রনাথের ‘জীবনদেবতা’ কবিতায় জীবনদেবতার স্বরূপ উদ্ঘাটন করুন ।
- ঙ) কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতায় যে-বিদ্রোহের উচ্ছ্বাস ফুটে উঠেছে তার পরিচয় দিন ।
- চ) জীবনানন্দ দাশকে অনেকে নির্জনতার ও দুর্বোধ্যতার কবি বলে অভিহিত করেন । এ বিষয়ে আপনার অভিমত যুক্তিসহ উপস্থাপন করুন ।
- ছ) কবি হিসাবে প্রেমেন্দ্র মিত্রের কৃতিত্বের সার্বিক মূল্যায়ন করুন ।
- জ) বিষ্ণু দে-র ‘জল দাও’ কবিতায় কবির যে-মার্কসবাদী চেতনা প্রকাশ পেয়েছে তার সম্যক পর্যালোচনা করুন ।